DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ￼ তৈরি: 15 Jul 2026, 11:43 AM

জাতীয়

# এসিআই ৭০০ কোটি টাকা বিনিয়োগ করবে স্বপ্নে

প্রতিবেদক: প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: বুধবার, ১৫ জুলাই ২০২৬, ১২:৫৮ PM




শেয়ারবাজারে তালিকাভুক্ত অ্যাডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (এসিআই) পিএলসি তাদের সহযোগী প্রতিষ্ঠান এসিআই লজিস্টিকস লিমিটেডে (স্বপ্ন) ৭০০ কোটি টাকা বিনিয়োগের সিদ্ধান্ত নিয়েছে। দেশের অন্যতম বৃহৎ সুপারশপ চেইন স্বপ্নের মূলধন শক্তিশালী করা এবং ভবিষ্যৎ সম্প্রসারণ কার্যক্রমে সহায়তা করতেই এ বিনিয়োগ করা হচ্ছে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।

বুধবার (১৫ জুলাই) ঢাকা স্টক এক্সচেঞ্জের মাধ্যমে (ডিএসই) এই তথ্য জানিয়েছে এসিআই পিএলসি।

কোম্পানি কর্তৃপক্ষ জানায়, মঙ্গলবার (১৪ জুলাই) অনুষ্ঠিত ২৩তম বোর্ড সভায় এ বিনিয়োগ প্রস্তাব অনুমোদন করা হয়। সিদ্ধান্ত অনুযায়ী, এসিআই লজিস্টিকস ইস্যুকৃত ৭০ লাখ (৭ মিলিয়ন) কনভার্টিবল প্রেফারেন্স শেয়ার সাবস্ক্রাইব করবে এসিআই। প্রতিটি শেয়ারের অভিহিত মূল্য নির্ধারণ করা হয়েছে ১ হাজার টাকা, ফলে মোট বিনিয়োগের পরিমাণ দাঁড়াবে ৭০০ কোটি টাকা।

জানা গেছে, প্রয়োজনীয় নিয়ন্ত্রক সংস্থার অনুমোদন সাপেক্ষে আগামী ১৫ অক্টোবর ২০২৬- এর মধ্যে বিনিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে।

এসিআই লজিস্টিকস লিমিটেড দেশের অন্যতম বৃহৎ আধুনিক খুচরা বিক্রয় চেইন □স্বপ্ন□ পরিচালনা করে। প্রতিষ্ঠানটি সারাদেশে সুপারশপ, এক্সপ্রেস আউটলেট এবং অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে নিত্যপ্রয়োজনীয় পণ্য বিপণন করছে। সাম্প্রতিক বছরগুলোতে প্রতিষ্ঠানটি ব্যবসা সম্প্রসারণ, নতুন আউটলেট স্থাপন, প্রযুক্তিনির্ভর সরবরাহ ব্যবস্থা উন্নয়ন এবং গ্রাহকসেবা সম্প্রসারণে ধারাবাহিকভাবে বিনিয়োগ করে আসছে।


---

## এ বিভাগের আরও খবর



**মুক্তিযুদ্ধে শহীদদের পূর্ণাঙ্গ তালিকা করা হচ্ছে : সংসদে প্রধানমন্ত্রী**

মুক্তিযুদ্ধে শহীদদের একটি পূর্ণাঙ্গ তালিকা প্রণয়নে কর্মপরিকল্পনা প্রণয়ন ও কার্যক্রম গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান...




**চোরাচালান ও পাচার রুখতে নতুন আইন কার্যকর ভূমিকা রাখবে: স্বরাষ্ট্রমন্ত্রী**

সংঘবদ্ধ অপরাধী চক্রের ডিজিটাল প্ল্যাটফর্ম ও প্রযুক্তির অপব্যবহার রুখতে এবং মানব পাচার ও অভিবাসী চোরাচালান দমনে নতুন আইন কার্যকর ভূমিকা রাখবে...

**সরকারি চাকরিজীবীরা ৪ ক্যাটাগরিতে ইনক্রিমেন্ট পাবেন , কোন গ্রেডে কত**

নবম পে স্কেলে নতুন নিয়মে ইনক্রিমেন্ট পাবেন সরকারি চাকরিজীবীরা। এ ক্ষেত্রে উচ্চ গ্রেডের তুলনায় অপেক্ষাকৃত বেশি সুবিধা ভোগ করবেন নিম্ন ও মধ্যম...

---




**বরখাস্ত হলেন সাবেক অতিরিক্ত পুলিশ সুপার তোহিদুল ইসলাম**

দীর্ঘদিন কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সাবেক অতিরিক্ত পুলিশ সুপার (ইন্ডাস্ট্রিয়াল পুলিশ) মো. তোহিদুল ইসলামকে চাক...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/national/esiai-700-koti-taka-biniyog-krbe-sbpne